

💵 মুমিনের দু'আ

বিভাগ/অধ্যায়ঃ দু'আসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ডা. মুহাম্মদ আবুবকর সিদ্দিক (সংকলক)

সালাম ফিরানোর পর দু'আসমূহ

أُسْتَغْفِرُ اللهَ

(তিনবার)

'আমি আল্লাহর নিকট ক্ষমা প্রার্থনা করছি'।

ٱللَّهُمَّ أَنْتَ السَّلاَمُ، وَمِنْكَ السَّلاَمُ، تَبَارَكْتَ يَا ذَا الْجَلاَلِ وَالْإِكْرَامِ

'হে আল্লাহ, আপনি শান্তিময়। আপনার নিকট থেকেই শান্তি বর্ষিত হয়। আপনি বরকতময়, হে মহিমাময় ও সম্মানের অধিকারী।' (মুসলিম, হা/৫৯১)।

আয়াতুল কুরসী। প্রত্যেক সালাতরে পর একবার। আর তা হচ্ছে-

﴿ اللهُ لَا إِلَهَ إِلَّا هُوَ ١٤ الْحَيُّ الْقَيُّومُ لَا تَأْخُذُهُ سِنَةٌ وَلَا نَوْمٌ ١٤ لَهُ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ ١٤ مَنْ ذَا الَّذِي يَشْفُعُ عِنْدَهُ إِلَّا بِإِذْنِهِ ١٤ يَعْلَمُ مَا بَيْنَ أَيْدِيهِمْ وَمَا خَلْفَهُمْ ١٤ وَلَا يُحِيطُونَ بِشَيْءٍ مِنْ عِلْمِهِ إِلَّا بِمَا شَاءَ ١٤ وَسِعَ كُرْسِيتُهُ السَّمَاوَاتِ وَالْأَرْضَ ٤٤ وَلَا يَتُودُهُ حِفْظُهُمَا ١٤ وَهُوَ الْعَلِيُّ الْعَظِيمُ ﴾

'আল্লাহ, তিনি ছাড়া কোনো সত্য ইলাহ নেই। তিনি চিরঞ্জীব, সর্বসন্তার ধারক। তাঁকে তন্দ্রাও স্পাঁশ করতে পারে না, নিদ্রাও নয়। আসমানসমূহে যা রয়েছে ও জমিনে যা রয়েছে সবই তাঁর। কে সে, যে তাঁর অনুমতি ব্যতীত তাঁর কাছে সুপারশি করবে? তাদের সামনে ও পিছনে যা কিছু আছে তা তিনি জানেন। আর যা তিনি ইচ্ছে করেন তা ছাড়া তাঁর জ্ঞানের কোনো কিছুকেই তারা পরিবেষ্টন করতে পারে না। তাঁর কুরসী আসমানসমূহ ও জমিনকে পরিব্যাপ্ত করে আছে, আর এ দুটির রক্ষণাবক্ষেণ তাঁর জন্য বোঝা হয় না। আর তিনি সুউচ্চ সুমহান' (সিলসিলাতুল আহাদীস আস-সহীহাহ, হা/৯৭২; সূরা আল-বাকারাহ : ২৫৫)।

নবী করীম সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম এরশাদ করেছেন, 'যে ব্যক্তি প্রত্যহ ফরয সালাতের পর আয়াতুল কুরসী নিয়মিত পাঠ করে, তার জন্য জালাতে প্রবেশের পথে একমাত্র মৃত্যু ছাড়া অন্য কিছু বাধা দিতে পারে না।' (সহীহাহ, হা/৯৭২)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=15005

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন